# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ তরকারি বিক্রেতা নরসিংদীর আবুল চাচা সেক্টরের বিভিন্ন অলিতে গলিতে ভ্যানে করে তরকারি বিক্রি করে কিন্তু তাতে তাঁর কোনো আক্ষেপ নেই। মানুষ তাকে জিজ্ঞেস করলে বলে, আলহামদুলিল্লাহ আল্লাহ যেভাবে রেখেছেন তাতেই আমি সন্তুষ্ট। অপরদিকে জুস ফ্যাক্টরির মালিক সাদিক মিয়া আমের পরিবর্তে মিষ্টি কুমড়া দিয়ে জুস তৈরি করে। মিথ্যা ও প্রতারণাই তার প্রধান কাজ।

ক. 'রাসুলগণের সর্দার' এর আরবি প্রতিশব্দ কী? ১

খ. "মুনাফিকরা কাফির" বুঝিয়ে লিখ। ২

গ. আবুল চাচার কথায় যা প্রকাশ পেয়েছে তা পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. জুস ফ্যাক্টরির মালিকের কাজের ফলাফল বিশ্লেষণ করো। ৪

২. ★ সম্প্রতি মায়ানমারের নির্যাতিত রোহিঙ্গা মুসলিমদেরকে বাংলাদেশের সর্বস্তরের জনগণ দয়াশীল হয়ে স্নেহ, মায়া-মমতা ও ভালোবাসা দিয়ে আপন করে নিয়েছে। সরকারপ্রধান ঘোষণা দিয়েছেন, আমরা একজনের খাবার দুইজনে ভাগাভাগি করে খাব, বিপদগ্রস্তকে সাহায্য করব, ভাষানচর নামক জায়গায় তাদের থাকার ব্যবস্থা করব।

ক. কোথায় আল্লাহর ৯৯টি গুণবাচক নামের কথা উল্লেখ রয়েছে? ১

খ. কীভাবে আল্লাহ সূক্ষ্ম হিসাব গ্রহণকারী? ২

গ. উদ্দীপকে বর্ণিত সর্বস্তরের জনগণের মধ্যে আল্লাহর কোন গুণের প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সরকার প্রধানের মধ্যে আল্লাহর যে গুণের প্রকাশ ঘটেছে, তা থেকে আমাদের শিক্ষণীয় দিকগুলো তুলে ধর। ৪

৩. ▶ হঠাৎ ভূমিকম্পে জাপানে তিনশত মানুষের প্রাণহানী ঘটে। টেলিভিশনে এমন একটি সংবাদ শিরোনাম দেখে অষ্টম শ্রেণির শিক্ষার্থী সাজু ভাবল, এমন অনেক ঘটনাইতো আমাদের মিডিয়ার কল্যাণে জানতে পারি। কিন্তু মিডিয়া আবিষ্কারের পূর্বে হাজার হাজার বছর পূর্বে মানুষ কীভাবে আল্লাহর বাণী

https://teachingbd24.com

জানত? তখন সাজুর বন্ধু রাজু বললো, মানব জাতির মহান শিক্ষকদের মাধ্যমে আল্লাহ তার বাণী মানুষের নিকট পৌঁছে দিতেন। তখন তাদের শিক্ষক বললেন, "এ ধারার সর্বশেষ জনের সুপারিশ ব্যতীত কেহ জান্নাতে যেতে পারবে না।"

ক. কোন নবি মুসা (আ) এর শরিয়ত প্রচার করতেন? ১
খ. আখিরাতে বিশ্বাস কীভাবে মানুষকে সৎকর্মশীল করে? ২
গ. রাজুর বক্তব্যের মর্মার্থ বিশ্লেষণ করো। ৩
ঘ. শিক্ষকের উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪.▶ ধনাঢ্য ব্যবসায়ী আজমত গাজী প্রতিবছর গরিবদেরকে যাকাতের টাকা পয়সা দিয়ে যেভাবে সাহায্য-সহযোগিতা করেন, এ বছর তদ্রূপ না করে, এই টাকা পয়সা দিয়ে হাসপাতাল, কলকারখানা নির্মাণ করে অনেক গরিবের কর্মসংস্থানের ব্যবস্থা করেন। অপরদিকে নাজিম গাজী প্রচুর টাকার মালিক হওয়া সত্ত্বেও (অভাবী) ও বঞ্চিতদের নির্ধারিত হক আদায়ের ব্যাপারে একেবারেই আন্তরিক নন।

ক. ইমানের মৌলিক বিষয় কয়টি? ১
খ. যাকাতের মাসারিফগুলো উল্লেখ করো। ২
গ. আজমত গাজীর যাকাত প্রদান, যাকাতের উদ্দেশ্যের সাথে কতখানি সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. নাজিম গাজী কোন ইবাদতের ব্যাপারে আন্তরিক নন? শরিয়তের দৃষ্টিতে তার কাজের পরিণতি ব্যাখ্যা করো। ৪

৫. ★ বারেক মাতবর ইসলামের পঞ্চম স্তম্ভ পালনের জন্য বিদেশ গমন করেন। তিনি জিলহজ মাসের ৮ তারিখ থেকে ১২ তারিখ পর্যন্ত মিনা, আরাফাহ ও মুজদালিফায় ইবাদতের সকল কার্য সম্পাদন করার পর নিরাপদে দেশে ফিরেন। অপরদিকে তাঁর সফর সঙ্গী সফিক সাহেব নিজ ইবাদত সংশোধনের জন্য দম প্রদান করেন।

ক. ভাঙা এর আরবি প্রতিশব্দ কী? ১
খ. কীভাবে কাবা শরিফ তাওহিদ পন্থীদের পুণ্যভূমিতে পরিণত হয়? ২
গ. সফিক সাহেবের কাজটি শরিয়তের দৃষ্টিতে ব্যাখ্যা করো। ৩
ঘ. বারেক মাতবর কোন ইবাদত সম্পাদন করেন? সাম্য ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠায় উক্ত ইবাদতের ভূমিকা ব্যাখ্যা করো। ৪

৬.▶ ২ বন্ধু বদরুল ও সদরুলের কুরআন তিলাওয়াতের মধ্যে অনেক পার্থক্য রয়েছে। বদরুল কুরআন তিলাওয়াত করতে গিয়ে আউযুবিল্লাহ ও বিসমিল্লাহ

https://teachingbd24.com

ছাড়া হাসি ঠাট্টা সহকারে কুরআন তিলাওয়াত করে, অপরদিকে সদরুল কুরআনের একটি বিশেষ সূরার শেষ আয়াতগুলোর ফযিলত অনুধাবন করে তা মুখস্ত করে, যে আয়াতগুলো আল্লাহর অসংখ্য গুণবাচক নামে পরিপূর্ণ।

ক. পবিত্র কুরআনের ৯৯তম সূরা কোনটি? ১
খ. আল-কুরআনের জ্ঞানের প্রকারগুলো উল্লেখ করো। ২
গ. সঠিকভাবে কুরআন তিলাওয়াত করতে তুমি বদরুলকে কোন ধরনের উপদেশ দিবে? আলোচনা করো। ৩
ঘ. সদরুল যে আয়াতগুলো মুখস্থ করে, তুমি তার অর্থ সুন্দরভাবে তুলে ধর। ৪

৭. ▶ ইসলামী আদর্শে অনুপ্রাণিত হয়ে কর্মব্যস্ত আকবর আলী ঈদুল আযহার ছুটিতে গ্রামের বাড়ি গিয়ে একমাত্র ছেলের জন্মের ২১তম দিনে দুইটি ছাগল জবেহ করেন। অপরদিকে পারিবারিক ঝামেলার কারণে আত্মত্যাগ ও আল্লাহর নৈকট্য লাভের জন্য নিমহাজুল আলম জিলহজ মাসের ১২ তারিখ বিকেলে একটি ছাগল জবেহ করেন।

ক. 'আগমনী তাওয়াফ' এর আরবি প্রতিশব্দ কী? ১
খ. জিলহজ মাসের ১০ তারিখে হাজি সাহেবদের করণীয় কাজগুলো কী কী? ২
গ. আকবর আলীর কাজটি কী? ইসলামের দৃষ্টিতে এর গুরুত্ব পর্যালোচনা করো। ৩
ঘ. মিনহাজুল আলমের কাজের ত্যাগের শিক্ষা আলোকপাত করো। ৪

৮. ▶ সানাউল হককে বিশুদ্ধ তিলাওয়াতকারী ভেবে স্থানীয় মুসল্লিগণ মাগরিবের নামাযে ইমামতির দায়িত্ব প্রদান করেন। কিন্তু তিনি তিলাওয়াত করতে গিয়ে وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ এর مِنْ কে গুন্নাহ ছাড়া পড়েন। নামায শেষে ১২ বছরের হাফেজ আদিল ইমাম সাহেবকে শুদ্ধভাবে কুরআন তিলাওয়াতের জন্য তাজবীদ শিক্ষা গুরুত্বের কথা স্মরণ করিয়ে দেন।

ক. কুরআন শব্দের অর্থ কী? ১
খ. অর্থসহ কুরআনের চারটি নাম লিখ। ২
গ. হাফেজ আদিল ইমাম সাহেবকে যে বিষয়টির গুরুত্বের কথা উল্লেখ করেছে, তা শিক্ষার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৩
ঘ. সানাউল হক তাজবিদ শাস্ত্রের যে নিয়মগুলো না জানার কারণে এভাবে তিলাওয়াত করেছেন, তুমি সেই নিয়মগুলো সুন্দরভাবে লিপিবদ্ধ করো। ৪

৯. ★ দুই বান্ধবী "K" ও "T" নৈতিকতা ও অনৈতিকতা নিয়ে আলোচনা করছিল। "K" বললো, "আজকাল দুষ্ট চরিত্রের কিছু মানুষকে দেখা যায়, যারা

teachingbd24.com

নিজ স্বার্থের জন্য অত্যন্ত কু-কৌশলে অন্য মানুষের পিছনে নিন্দা করে, অপবাদ দেয়। যাকে কুরআনে মৃত ভাইয়ের গোশত খাওয়ার সাথে তুলনা করা হয়েছে এবং এর চেয়েও গুরুতর অপরাধ বলা হয়েছে"। তখন "T" বললো, সফলতা তাদের জন্যই যারা নৈতিকতার পথ অবলম্বন করে এবং ধৈর্যের সাথে জীবন পরিচালনা করে।

ক. নৈতিকতা কী? ১

খ. "আল-কুরআনই তো তাঁর চরিত্র" বুঝিয়ে লিখ। ২

গ. K-এর বক্তব্যটি সংশ্লিষ্ট আয়াতের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. T-এর উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১০. ★ নাফ নদীতে ভাসছে লাশ, মৃত বাচ্চা কোলে নিয়ে চোখে মুখে মায়ের চুমু আর আর্তনাদ। এমন দৃশ্য দেখেছে বিশ্ব, দেখেছে বাংলাদেশ। আশ্রয় দিয়েছে মায়ানমারের নির্যাতিত মুসলমানদেরকে বাংলাদেশের মুসলমানরা। এসবই হয়েছে মায়ানমারের উগ্র সেনাবাহিনীর কারণে। তাই "A" নামক রাজুকিয়ান দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দেয়ার উচ্ছা প্রকাশ করেন।

ক. সমাজসেবার আরবি প্রতিশব্দ কী? ১

খ. ধৈর্যের দিকগুলো উল্লেখ করো। ২

গ. যে ভ্রাতৃত্বের কারণে মায়ানমারের মুসলমানদেরকে বাংলাদেশের মুসলমানগণ আশ্রয় দিয়েছে তার তাৎপর্য বিশ্লেষণ করো। ৩

ঘ. "A" নামক রাজুকিয়ানের ইচ্ছাটা কীসের অন্তর্ভুক্ত? বিষয়টির গুরুত্ব পর্যালোচনা করো। ৪

১১. ▶ সুরমা ও কুশিয়ারা দুই বান্ধবীর মধ্যে ক্লাসে ফলাফল অর্জনের ক্ষেত্রে সমান সমান লড়াই হয়। তাই সুরমা মনে মনে বলে, ফাইনাল পরীক্ষার পূর্বে যদি কুশিয়ারার মারাত্মক টাইফয়েড জ্বর হইত, তাহলে আমি ক্লাসে প্রথম হতে পারতাম। অপরদিকে কুশিয়ারাও অন্য প্রকৃতির মেয়ে। সে বলে, বিপদগ্রস্ত মানুষের চেহারাগুলো দেখতে ভালো লাগে না, তাই সে তাদেরকে সাহায্য করার পরিবর্তে তাদের থেকে নিজেকে দূরে সরিয়ে রাখে।

ক. অহংকার কী? ১

খ. ইসলামে অশ্লীলতা হারাম কেন? ২

গ. সুরমার চিন্তা চেতনায় কী প্রকাশ পেয়েছে? পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. কুশিয়ারার কাজের কুফল বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. **ইমানের সর্বপ্রথম বিষয় হলো—**
i. আল্লাহ তাআলার সত্তায় বিশ্বাস করা
ii. তার গুণাবলিকে বিশ্বাস করা
iii. তার সকল ক্ষমতায় বিশ্বাস করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২. **আখিরাত কীসের স্থান?**
ক) কর্মফল ভোগের স্থান
খ) শান্তিভোগের স্থান
গ) পুরস্কার লাভের স্থান
ঘ) হিসাব গ্রহণের স্থান

৩. **দুনিয়াতে ভালো কিছু করলে কী করতে হবে?**
ক) আল্লাহর উপর ভরসা করতে হবে
খ) কৃতজ্ঞতা প্রকাশ করতে হবে
গ) সবর করতে হবে
ঘ) সালাত আদায় করতে হবে

৪. **মুনাফিকরা কী কখনই অনুশীলন করে না?**
ক) স্নেহ ভালোবাসা
খ) ইমান ও নৈতিকতা
গ) ক্ষমা ও ইস্তিগফার
ঘ) উত্তম আচরণ ও উত্তম চরিত্র

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
হাসিব তার ছোট-বড় অন্যায়ের জন্য রাতের আঁধারে কেঁদে কেঁদে বলে, ক্ষমাশীল আল্লাহ তুমি আমাকে ক্ষমা কর, মাফ করে দাও।

৫. **আসমাউল হুসনার মাধ্যমে আমরা আল্লাহ তাআলার কী জানতে পারি?**
ক) পরিচয় ও ক্ষমতা　খ) গুণ ও বৈশিষ্ট্য
গ) আদেশ-নিষেধ　ঘ) দীন ও গুণাবলি

৬. **হাসিবের মধ্যে আল্লাহ কোন গুণের প্রকাশ ঘটেছে?**
ক) গাফ্ফারুন　খ) সামাদুন
গ) হাসিবুন　ঘ) মুহাইমিনুন

৭. **কোন সূরায় রিসালাতের মর্ম বর্ণনা করা হয়েছে?**
ক) আল আরাফ　খ) আন্ নাহল
গ) আর্ রাদ　ঘ) আল বাকারা

৮. **'আমি শেষ নবি আমার পরে আর কোন নবি আসবে না' কোন গ্রন্থের হাদিস?**
ক) বুখারি ও মুসলিম　খ) তিরমিযি
গ) ইবনে মাজাহ　ঘ) সহিহ মুসলিম

৯. **নিফাকের দ্বারা মানুষের মধ্যে কী সৃষ্টি হয়?**
ক) মিথ্যাচার　খ) খিয়ানত
গ) প্রতারণা　ঘ) অবিশ্বাস ও সন্দেহ

১০. **সোনা রুপার যাকাত না দিলে তা উত্তপ্ত করে দাগ দেয়া হবে—**
ক) হাতে, কপালে, পিঠে
খ) মাথায়, কপালে, পায়ে
গ) ঘাড়ে, কপালে ও পিঠে
ঘ) কপালে, পাঁজরে, পিঠে

১১. **যমযমের পানি পান করার পর হাজেরা (আ) কী করলেন?**
ক) ঘুমিয়ে পড়লেন
খ) কান্না করলেন
গ) আল্লাহর শোকর আদায় করলেন
ঘ) নামাজে দাঁড়ালেন

১২. **কোন নবি মানুষকে হজের আহবান করেন?**
ক) মুহাম্মদ (স)　খ) ইবরাহিম (আ)
গ) ইসমাইল (আ)　ঘ) শীষ (আ)

১৩. **হজ ও উমরাহ দূর করে দেয়—**
i. দারিদ্র
ii. অভাব
iii. গুনাহ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৪. **আল্লাহ তাআলা আমাদের বহু নিয়ামত দান করার পরও মানুষ তাকে ভুলে যায় কেন?**
ক) ঘৃণা বশত
খ) অহংকার ও মুর্খতাবশত
গ) হিংসা করে
ঘ) অকৃতজ্ঞতা বশত

১৫. **আল্লাহর অনুমতিক্রমে রাসূল (স) কী চালু করেন?**
ক) কুরবানি　খ) আকিকা
গ) যাকাত　ঘ) সাদাকা

১৬. **কোন ধরণের মানুষ সমাজ ও রাষ্ট্রের জন্য কল্যাণ বয়ে আনতে পারে?**
ক) কর্মঠ　খ) পরোপকারী
গ) আত্মত্যাগী　ঘ) সমাজসেবী

https://teachingbd24.com

১৭. এ দিন বিবেচনায় যাকাত অর্থ বৃদ্ধি যে—
i. সম্পদ ব্যক্তি বিশেষের হাতে পুজিভূত না থাকে
ii. সম্পদ মানুষের কল্যাণে ব্যয় হোক
iii. সমাজের সামগ্রিক অর্থনৈতিক অবস্থার উন্নতি হোক

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. কিয়ামতের দিন শাফাআতে সুপরা করা হবে—
i. পাপীদের ক্ষমার জন্য
ii. পুণ্যবানদের মর্যাদা বৃদ্ধির জন্য
iii. কাফিরদের ক্ষমার জন্য

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

আল্লাহ বলেন, 'আপনি ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে কুরআন তিলাওয়াত করুন।'

১৯. আয়াতটি কোন সূরার অন্তর্গত?
(ক) আল আনআম (খ) আল বাকারা
(গ) আল মুযযাম্মিল (ঘ) আল মুদ্দাস্‌সির

২০. আয়াতটি কীসের প্রতি ইঙ্গিত করে?
(ক) তাজবিদ অনুযায়ী কুরআন তিলাওয়াত
(খ) অর্থসহ কুরআন তিলাওয়াত
(গ) মুখস্থসহ কুরআন তিলাওয়াত
(ঘ) মনোযোগ সহকারে কুরআন তিলাওয়াত

২১. হরফে হালকি কয়টি?
(ক) তিনটি (খ) পাঁচটি
(গ) চারটি (ঘ) ছয়টি

২২. মিম সাকিনের ইখফায় কয় আলিফ গুন্নাহ করতে হয়?
(ক) এক (খ) দুই
(গ) তিন (ঘ) চার

২৩. উত্তরাধিকার সূত্রে কুরাইশরা ছিল—
i. কাবার রক্ষক
ii. হজের তত্ত্বাবধায়ক
iii. আরবদের নেতৃত্বে

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. যাকাত ফরয হওয়া সত্ত্বেও যারা যাকাত দিতে অস্বীকার করে, তাদের ব্যাপারে ইসলামের বিধান হলো—
i. পার্থিব জীবনে সে কৃপন হিসেবে আখ্যায়িত হবে
ii. পরাকালে কঠিন শাস্তির সম্মুখীন হবে
iii. তাদের সম্পদ ধ্বংস করে দেওয়া হবে

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. কোনটি জীবনের আবশ্যকীয় মৌলিক বস্তুর অন্তর্ভুক্ত নয়?
(ক) যানবাহনের নেকা
(খ) সাইকেল
(গ) পড়ালেখার সরঞ্জাম
(ঘ) স্ত্রীলোকের ব্যবহার্য সোনা ও রূপার অলংকার

২৬. পবিত্র কুরআনের কোন সূরায় পরস্পরের সাথে পরিচিত হওয়ার বিষয়ে বলা হয়েছে?
(ক) সূরা যুমারে (খ) হুজুরাতে
(গ) নাহলে (ঘ) বাকারায়

২৭. সন্ত্রাসের কারণ ও তা নিরসনের জন্য যে সব ব্যবস্থা গ্রহণের প্রতি ইসলাম জোর দিয়েছে তা হলো—
i. দারিদ্র ও অশিক্ষা দূরীকরণের প্রতি
ii. বেকারত্ব দূরীকরণের প্রতি
iii. নৈতিক অবক্ষয় রোধ

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. কীসের কারণে আন্তরাষ্ট্রীয় সম্পর্ক গড়ে ওঠে?
(ক) ভ্রাতৃত্ব (খ) হিংসা বর্জন
(গ) অহংকার বর্জন (ঘ) পরমতসহিষ্ণুতা

২৯. হত্যার ষড়যন্ত্রের পরও কোন নবি ধৈর্য হারাননি?
(ক) ইব্রাহিম (আ) (খ) মুহাম্মদ (স)
(গ) ইউসুফ (আ) (ঘ) আইয়ুব (আ)

৩০. 'শ্রমিকের ঘাম শুকিয়ে যাওয়ার পূর্বে তার পারিশ্রমিক দিয়ে দাও' কোন গ্রন্থের হাদিস?
(ক) মুসনাদে আহমদ (খ) মুসলিম
(গ) তিরমিযি (ঘ) ইবনে মাজাহ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com